

সিটি জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

প্রধান কার্যালয় : ২৭, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

অপরিশোধিত/অ-দাবীকৃত লভ্যাংশ গ্রহন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিটি জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এর কিছু সম্মানিত শেয়ারহোল্ডারগণের নামে ২০১৮ সালের নগদ লভ্যাংশ এর টাকা যথাযথ ঠিকানা, হালনাগাদ ব্যাংক হিসাব না থাকায় ফেরত আসে যা সিটি জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এর নিকট অপরিশোধিত/অ-দাবীকৃত অবস্থায় সংরক্ষিত আছে।

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর ১৯ জুলাই ২০২১ইং এর পত্রসূত্র নং SEC/SRMIC/165-2020/part-1/182 এবং Capital Market Stabilization Fund (CMSF) Rules-2021 এর আওতায় “অপরিশোধিত/অ-দাবীকৃত নগদ লভ্যাংশ” এর টাকা কমিউনিটি ব্যাংক বাংলাদেশ লিমিটেড, কর্পোরেট শাখা (০০১), গুলশান- এর CMSF শিরোনামীয় SND A/C. No. 0010311521301 এ যেসকল অপরিশোধিত/অ-দাবীকৃত লভ্যাংশ ০৩ (তিন) বছরের অধিক রয়েছে তা স্থানান্তর করার নির্দেশ প্রদান করা হয়েছে।

সেই প্রেক্ষিতে ২০১৮ সালের অপরিশোধিত/অ-দাবীকৃত নগদ লভ্যাংশ আগামী ২৯ জুন ২০২২ইং তারিখের মধ্যে অত্র কোম্পানীর শেয়ার বিভাগে প্রয়োজনীয় দলিলাদি প্রদান সাপেক্ষে সংগ্রহের জন্য অনুরোধ করা হলো। উক্ত তারিখের পর বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর নির্দেশনা মোতাবেক ০৩ (তিন) বছরের অধিক সময়ের অবস্টিত/অ-দাবীকৃত লভ্যাংশ Capital Market Stabilization Fund (CMSF) এ স্থানান্তর করা হবে। উল্লেখিত “অপরিশোধিত/অ-দাবীকৃত নগদ লভ্যাংশ” এর তালিকা কোম্পানীর ওয়েবসাইট <https://cityinsurance.com.bd> এ পাওয়া যাবে।


যোগাযোগঃ

শেয়ার ডিপার্টমেন্ট, সিটি জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

২৭, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

ফোনঃ ০২২২-৩৩৮৭২৯৬, ০২২২-৩৩৮৭২৮১, ০২২২-৩৩৮৭২৭৮

Email: share@cityinsurance.com.bd



(মোঃ হাছান খান)

অতিঃ ব্যবস্থাপনা পরিচালক ও
কোম্পানী সচিব

তারিখ : ৩১ মে ২০২২ইং